# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৯০/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার, ২ এপ্রিল ২০১৮, ১৯ চৈত্র ১৪২৪**

১। পদ্মা সেতু পরিদর্শনে রাষ্ট্রপতি আজ জাজিরা যাচ্ছেন

২। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে : চাঁদপুরের জনসভায় প্রধানমন্ত্রীর আহ্বান

৩। সব প্রাথমিক বিদ্যালয়ে স্কাউট চালুর ঘোষণা প্রধানমন্ত্রীর

৪। ব্যাংকে তারল্য সংকট কাটাতে সিআরআর কমানোর ঘোষণা
ঋণের সুদহার এক মাসের মধ্যে সিঙ্গেল ডিজিটে আসবে : অর্থমন্ত্রী

৫। রমজানে নিত্যপণ্যের দাম বাড়বে না : ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকশেষে বাণিজ্যমন্ত্রী

৬। এইচএসসি পরীক্ষা আজ শুরু

৭। প্রশ্নপত্র ফাঁসকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : বাগেরহাটে স্বরাষ্ট্রমন্ত্রী

৮। হংকংয়ে ৪-জাতি জকি সিজিআই যুব ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ফুটবলদল
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

৯। বিশ্ব অটিজম সচেতনতা দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

১০। ভবিষ্যতে কোনো সম্পত্তিকে অর্পিত সম্পত্তি হিসেবে তালিকাভুক্ত নয় : হাইকোর্ট
চোখ হারানো প্রত্যেককে কোটি টাকা ক্ষতিপূরণ কেন নয় : হাইকোর্টের রুল

চলমান পাতা-২

১। **পদ্মা সেতু পরিদর্শনে রাষ্ট্রপতি আজ জাজিরা যাচ্ছেন**

পদ্মা বহুমুখী সেতু পরিদর্শনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ জাজিরায় যাচ্ছেন আজ (২ এপ্রিল সোমবার) রাষ্ট্রপতি মুন্সীগঞ্জের মাওয়ায় পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের সার্ভিস এরিয়া-১ পরিদর্শনশেষে সন্ধ্যা ৬টায় মোটরকেডযোগে শরীয়তপুরের জাজিরা উপজেলার নাওডোবায় পদ্মা বহুমুখী সেতু নির্মাণ প্রকল্পের সার্ভিস এরিয়ায় উপস্থিত হবেন। আগামীকাল (৩ এপ্রিল মঙ্গলবার) সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত রাষ্ট্রপতি বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এবং প্রকল্পের কর্মকর্তাদের সাথে আলোচনা করবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

২। **উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে : চাঁদপুরের জনসভায় প্রধানমন্ত্রীর আহ্বান**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশের শান্তি ও উন্নয়ন অব্যাহত রাখতে হবে। প্রধানমন্ত্রী বলেন, নির্বাচন কমিশনের ঘোষণানুযায়ী আগামী ডিসেম্বরেই হবে নির্বাচন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (১ এপ্রিল রোববার) চাঁদপুর জেলা স্টেডিয়ামে জেলা আওয়ামী লীগ আয়োজিত জনসভায় ভাষণকালে এসব কথা বলেন। প্রধানমন্ত্রী এ সময় দেশের উন্নয়নের ধারবাহিকতা ধরে রাখার আহ্বান জানিয়ে বলেন, হত্যাকাণ্ড, খুন-খারাবি নয়, দেশের মানুষ যাতে শান্তি পায় সে ব্যবস্থা আমরা করতে চাই। আগামী ২০২১ সালে বাংলাদেশ হবে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত। এ জন্য সরকারের ধারাবাহিকতা থাকা দরকার। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ইত্তেফাক, জনকণ্ঠ, যুগান্তর, ডেইলি সান, নিউজ টুডে, অবজারভার** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৩। **সব প্রাথমিক বিদ্যালয়ে স্কাউট চালুর ঘোষণা প্রধানমন্ত্রীর**

দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে কাব স্কাউট চালুর উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, এ সরকার স্কাউটস কার্যক্রমের উন্নয়ন ও সম্প্রসারণে সর্বাত্মক সহযোগিতা দিচ্ছে। স্কাউটস শতাব্দী ভবন নির্মাণ ও স্কাউটিং সম্প্রসারণে ১২২ কোটি টাকার প্রকল্প চলমান। প্রাথমিক বিদ্যালয়ে কাবিং সম্প্রসারণের জন্য আরেকটি প্রকল্পের অনুমোদন অচিরেই দেওয়া হবে। জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের জন্য ৯৫ একর বনভূমি ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে। বিভিন্ন অঞ্চলে স্কাউট ভবন ও প্রশিক্ষণকেন্দ্র নির্মাণে জমি বরাদ্দ দেওয়ার কথাও জানান প্রধানমন্ত্রী। গতকাল (১ এপ্রিল রোববার) চাঁদপুরের হাইমচরে স্কাউটসের ষষ্ঠ জাতীয় কমিউনিটি ডেভেলপমেন্ট ক্যাম্পের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি এসব কথা জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৫, ক. ৬), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

৪। **ব্যাংকে তারল্য সংকট কাটাতে সিআরআর কমানোর ঘোষণা**
**ঋণের সুদহার এক মাসের মধ্যে সিঙ্গেল ডিজিটে আসবে : অর্থমন্ত্রী**

নগদ টাকার সরবরাহ বাড়াতে ব্যাংক মালিকদের দাবির মুখে বাংলাদেশ ব্যাংকে বিধিবদ্ধ নগদ জমা সংরক্ষণের (সিআরআর) হার কমানোর ঘোষণা দিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। ব্যাংকগুলোকে বর্তমানে আমানতের সাড়ে ৬ শতাংশ অর্থ বাংলাদেশ ব্যাংকে নগদ জমা রাখতে হয়। এ হার এখন সাড়ে ৫ শতাংশ হবে। গতকাল (১ এপ্রিল রোববার) রাজধানীর হোটেল সোনারগাঁওয়ে ব্যাংকের উদ্যোক্তাদের সংগঠন বিএবি'র সঙ্গে বৈঠকশেষে অর্থমন্ত্রী এ ঘোষণা দেন। একই হোটেলে জনতা ব্যাংকের বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, এক মাসের মধ্যে ব্যাংকের ঋণের সুদহার সিঙ্গেল ডিজিট বা এক অঙ্কে নেমে আসবে। ব্যাংকের মালিকরা সে প্রতিশ্রুতি রক্ষা করবে বলে তিনি আশা প্রকাশ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১২, ক.১), **সংবাদ** (পৃ.১৪, ক. ৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)। **প্রথম আলো, সংবাদ, যায়যায়দিন, ডেইলি স্টার, নিউ এজ** বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৫। **রমজানে নিত্যপণ্যের দাম বাড়বে না : ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকশেষে বাণিজ্যমন্ত্রী**

দেশে চাহিদার তুলনায় কয়েকগুণ বেশি পণ্যের মজুদ রয়েছে উল্লেখ করে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, আসন্ন পবিত্র রমজানে ভোক্তাদের আতঙ্কিত হওয়ার কারণ নেই। নিত্যপণ্যের দাম বাড়বে না। গতকাল (১ এপ্রিল রোববার) সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে রমজান উপলক্ষে নিত্যপ্রয়োজনীয় পণ্যের সরবরাহ ও মূল্য পরিস্থিতি নিয়ে ব্যবসায়ীদের সাথে এক বৈঠকশেষে তিনি সাংবাদিকদের এ কথা জানান। বৈঠকে নিত্যপণ্যের আমদানিকারক ও ব্যবসায়ীরাও রমজানে পণ্যের দাম বাড়বে না বলে মন্ত্রীকে আশ্বস্ত করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩, ক.৬), **সমকাল** (পৃ.১২,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.২), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১,ক.১)।

৬। **এইচএসসি পরীক্ষা আজ শুরু**

আজ (২ এপ্রিল সোমবার) সারাদেশে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা শুরু হচ্ছে। প্রশ্নপত্রফাঁস ঠেকাতে এবার কঠোর পদক্ষেপ নিয়েছে সরকার। পরীক্ষাকেন্দ্রের ২০০ গজের মধ্যে পরীক্ষার্থী ছাড়া জনসাধারণের প্রবেশ নিষিদ্ধ ঘোষণা করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

৭। **প্রশ্নপত্র ফাঁসকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে : বাগেরহাটে স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, জলদস্যু, সন্ত্রাসী ও জঙ্গিদের এ দেশে কোনো স্থান নেই। অচিরেই তাদের সমূলে নির্মূল করা হবে। পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসকারীদের বিরুদ্ধে হুঁশিয়ারি উচ্চারণ করে তিনি বলেন, যে প্রশ্নপত্র ফাঁস করবে তাঁর বিরুদ্ধে আমরা ব্যবস্থা নেব। এবারই প্রথম এ কাজে র‌্যাব নিয়োজিত থাকবে। গতকাল (১ এপ্রিল রোববার) বাগেরহাট শহরের স্বাধীনতা উদ্যানে বনদস্যুদের আত্মসমর্পণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৫), **সমকাল** (পৃ.১২,ক.৬)।

৮। **হংকংয়ে ৪-জাতি জকি সিজিআই যুব ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন বাংলাদেশ নারী ফুটবলদল রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

জকি কাপ আন্তর্জাতিক ফুটবলের শেষ ম্যাচে স্বাগতিক হংকংকে ৬-০ গোলে হারিয়ে শিরোপা জিতেছে বাংলাদেশ অনুর্ধ্ব-১৫ নারী ফুটবল দল। গতকাল (১ এপ্রিল রোববার) হংকংয়ে এ ফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা হংকংয়ে আয়োজিত ৪-জাতি জকি সিজিআই যুব ফুটবল টুর্নামেন্টে শিরোপা লাভের জন্য বাংলাদেশ অনুর্ধ্ব-১৫ নারী ফুটবল দলকে আন্তরিক অভিনন্দন জানিয়েছেন। রাষ্ট্রপতি নারী ফুটবল দল আগামী দিনগুলোতে তাদের এই বিজয়ের ধারা অব্যাহত রাখবে বলে আশা প্রকাশ করেন। প্রধানমন্ত্রী বলেন, আমাদের খেলোয়াড়দের টিম স্পিরিট ও অসাধারণ নৈপুণ্যে গোটা জাতি গর্বিত। তিনি আশা প্রকাশ করেন ফুটবলে বাংলাদেশের মেয়েদের বিজয়ের ধারা অব্যাহত থাকবে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

৯। **বিশ্ব অটিজম সচেতনতা দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ বিশ্ব অটিজম সচেতনতা দিবস। এ উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। দিবসটির এবারের প্রতিপাদ্য 'নারী ও বালিকাদের ক্ষমতায়ন, হোক না তারা অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন'। দিবসটি উপলক্ষে আজ থেকে ৪ এপ্রিল পর্যন্ত দেশব্যাপী নীলবাতি প্রজ্বলিত রাখা হবে বলে জানিয়েছেন সমাজকল্যাণমন্ত্রী রাশেদ খান মেনন। তিনি বলেন, অটিজমের প্রতীকী রং নীল তাই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরো জানান, দেশে এ মহূর্তে ৪৪ হাজার ৬৭৫ জন অটিজম আক্রান্ত ব্যক্তি আছে।

গতকাল (১ এপ্রিল রোববার) সচিবালয়ে বিশ্ব অটিজম সচেতনতা দিবস উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত সংবাদিক সম্মেলনে অটিজম বৈশিষ্ট্যসম্পন্ন ব্যক্তিদের নানা বিষয় ও সরকারের উদ্যোগসমূহ তুলে ধরে তিনি এ কথা বলেন। তিনি জানান, আজ (২ এপ্রিল সোমবার) সকাল ১০টায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে দিবসটি উপলক্ষে একটি অনুষ্ঠান হবে। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি থাকবেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৭), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৫)।

১০। **ভবিষ্যতে কোনো সম্পত্তিকে অর্পিত সম্পত্তি হিসেবে তালিকাভুক্ত নয় : হাইকোর্ট**
**চোখ হারানো প্রত্যেককে কোটি টাকা ক্ষতিপূরণ কেন নয় : হাইকোর্টের রুল**

ভবিষ্যতে কোনো সম্পত্তিকে অর্পিত সম্পত্তি হিসেবে তালিকাভুক্ত করা যাবে না। একইসঙ্গে এ সম্পত্তি তালিকাভুক্ত করার  কোনো উদ্যোগ না নিতে সরকারি কর্মকর্তাদের নির্দেশ দিয়েছে হাইকোর্ট। এছাড়া যেসব অর্পিত সম্পত্তির আইনগত দাবিদার নেই, সেই সম্পদ শুধু মানবিক উন্নয়ন কাজে ব্যবহার করতে হবে। বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি কৃষ্ণা দেবনাথের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ এ রায় দেন।  গত বছরের ২৩ নভেম্বরে দেওয়া এ রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি গতকাল (১ এপ্রিল রোববার) সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে প্রকাশ করা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.২), **ডেইলি স্টার** (পৃ.৩,ক.৪)।

চুয়াডাঙ্গা শহরের ইম্প্যাক্ট মাসুদুল হক মেমোরিয়াল কমিউনিটি হেলথ সেন্টারের চক্ষু শিবিরে অস্ত্রোপচারের পর সংক্রমণে চোখ হারানো ২০ জনকে এক কোটি টাকা করে ক্ষতিপূরণ দিতে কেন নির্দেশ দেওয়া হবে না-তা জানতে চেয়ে রুল জারি করেছে হাইকোর্ট। জনস্বার্থে করা এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি জুবায়ের রহমান চৌধুরী ও বিচারপতি ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (১ এপ্রিল রোববার) এ রুল জারি করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৬)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :** হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে ৫০ জন এয়ার ট্রাফিক কন্ট্রোলারের প্রয়োজন থাকলেও কর্মরত আছেন ১৭-১৮ জন উল্লেখ করে দ্রুত এ সংকট দূর করার ওপর গুরুত্বারোপ।

খ. **ইনকিলাব** : রাজধানীসহ সারাদেশে ভিক্ষুকের সংখ্যা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে ভিক্ষুকদের পুনর্বাসন করার সুপারিশ।

গ. **যুগান্তর :** চুয়াডাঙ্গার ইম্প্যাক্ট মাসুদুল হক হাসপাতালে চোখের ছানি অপারেশন করতে গিয়ে ২০ জন রোগীর চোখ হারানোর ঘটনাকে দুঃখজনক উল্লেখ করে এর জন্য দায়ীদের শাস্তি দেওয়ার পাশাপাশি ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণের ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** হংকংয়ে চার জাতি আন্তর্জাতিক নারী ফুটবলে বাংলাদেশ অনূর্ধ্ব ১৫ ফুটবল দল স্বাগতিক হংকংকে হারিয়ে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ায় অভিনন্দন জানিয়ে এ জয়ের ধারা অব্যাহত রাখার প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **যায়যায়দিন** : শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক ও মানসিক শাস্তি বন্ধ করতে সরকার কর্তৃক জারিকৃত পরিপত্র মানা হচ্ছে না উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ইন্ডিপেনডেন্ট :** উপজেলা পর্যায়ে ৩৮৯টি টেকনিক্যাল স্কুল ও কলেজ স্থাপন এবং ২৩ জেলায় পলিটেকনিক্যাল ইনস্টিটিউট স্থাপনের সরকারি সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে তা দেশের কারিগরি শিক্ষায় ব্যাপক অবদান রেখে কর্মসংস্থানে প্রভাব ফেলবে বলে অভিমত।

ছ. **নিউ এজ : ১৯৭১** সালের মুক্তিযুদ্ধের স্মৃতি বিজড়িত ২৪৫২ স্থান যথাযথভাবে সংরক্ষণ ও মুক্তিযোদ্ধার তালিকা নিয়ে সৃষ্ট বিতর্ক অবসানের সুপারিশ।

জ. **ডেইলি সান :** ব্যাংক ঋণের সুদের হার বৃদ্ধিতে দেশে বিনিয়োগের পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়ায় বেসরকারি পর্যায়ে বিনিয়োগ আকৃষ্ট করতে সুদহার কমানোর সুপারিশ।

ঝ. **নিউ নেশন :** এইচএসসি পরীক্ষার সময় কোচিং সেন্টার বন্ধ রাখার সরকারি আদেশ সত্ত্বেও কোচিং সেন্টার চালু রাখায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঞ. **অবজারভার :** মৌসুমভিত্তিক মশাবাহিত ও পানিবাহিত বিভিন্ন রোগ প্রতিরোধে ঢাকা সিটি করপোরেশনকে জরুরিভিত্তিতে যথাযথ পদক্ষেপ নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলাদেশ কৃষিপ্রধান দেশ এবং কৃষিই জাতীয় আয়ের মূল খাত হওয়ায় এ খাতের উন্নয়নে নজর দিতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'খেলাধুলা শিশুর শারীরিক ও মানসিক বিকাশে গুরুত্বপূর্ণ'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, শিশুর শারীরিক ও মানসিক বৃদ্ধির জন্য খেলাধূলা গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

#

ফাহিমা/মরজিনা/সাঈদা/রশিদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা